
# ভাববাদীরা ঈশ্বরের বার্তাসমূহকে ঘোষণা করেছিলেন

ছোটদের যারা শিক্ষা দেয় তাদের P9b অধ্যায়ণটি অবশ্যই পাঠ করা উচিত।

**প্রার্থনাঃ** ''প্রিয় প্রভু, ভাববাদীদের থেকে, যারা তোমার মশীহ যীশুর আগমন সম্বন্ধে আগাম ঘোষণা করেছিলেন। তাদের থেকে তোমাকে ও আমাদের জন্য তোমার পরিকল্পনা সমূহকে শিক্ষা করতে আমাকে ও আমার মেষপালকে সাহায্য কর।''

**১. পুরতন নিয়মের ভবিষ্যত বাণীর পুস্তক সমূহ শিক্ষা দিতে প্রস্তুত হন।**




উপরে ছায়া চিহ্নিত অংশে দেখা যাচ্ছে সেই সমস্ত বছরগুলিকে যে সময় ভাববাদীরা তাদের বইগুলি লিখেছেন ৮৩৫-৪০০ খ্রীঃ পূঃ

যিশাইয় ৬ঃ১-৮ অংশে অন্বেষণ করুন ঃ

- ঈশ্বরের দর্শনকে দেখার পর একজন ভাববাদীর সাড়া (১-৫ পদ)
- কিভাবে ঈশ্বর তাকে পুণঃর্নিশ্চয়তা প্রদান করেছিলেন (৬ এবং ৭ পদ)
- যিশাইয় কি করবেন বলে প্রস্তুত হয়েছিলেন (৮ পদ)

## সংজ্ঞা সমূহ

**ভাববাদীঃ** পুরাতন নিয়মে ঈশ্বর প্রায়শই পবিত্র আত্মায় অনুপ্রাণিত পবিত্র লোকদের মাধ্যমে ইস্রায়েলীয়দের কাছে বার্তা পাঠাতেন। ২ পিতর ১ঃ২১

**ভাববাণী ঃ** ঈশ্বরের ভাববাদীরা তাঁর লোকদেরকে পাপের পথ থেকে ফিরতে ও তাঁর প্রতি বাধ্য হবার জন্য আহ্বান জানাতেন। লোকেরা কেন কষ্ট পায় তার ব্যাখ্যা করতেন, বিশ্বাসীদের আশা ও সান্ত্বনা দিতেন; বিচার সম্বন্ধে আগাম সতর্কতা দিতেন এবং এমন একজন রাজার বিষয়ে প্রতিজ্ঞা দিয়েছিলেন যিনি নির্ভুল ভাবে বিচার করবেন। যাকে তারা মশীহ বলত।

**অনুমান ঃ** ঈশ্বরের লোকেরা কিছু সময় এমন বিষয়ের সম্মন্ধে আগাম বার্তা দিতেন যা তখন ও ঘটেনি। তারা চার প্রকারের অনুমান দিয়েছিলেন ঃ (১) তাদের জীবনকালে যা ঘটবে। (২) তাদের মৃত্যুর অনতি বিলম্বেই যা ঘটবে। (৩) অন্যান্য বিষয় যা ১০০ বছর পর ঘটবে এবং (৪) এমন কিছু যা ভবিষ্যতে ঘটবে। যিশাইয় ৪২ঃ৮-৯

**প্রকৃত ভাববাদীগণ ঃ** সমস্ত প্রকৃত ভাববাদীরা ইব্রীয় অর্থাৎ যিহুদী ছিল এবং তারা অন্যান্য দেবদেবীর জন্য নয় কিন্তু কেবলমাত্র ঈশ্বর এর জন্যই বলতেন। যখন প্রকৃত ভাববাদীরা কোনও কিছুর সম্বন্ধে ভবিষ্যত বাণী করতেন তখন তা অবশ্যই ঘটত। কেউ কেউ উত্তরের রাজ্য ইস্রায়েল এবং কেউ কেউ দক্ষিণের রাজ্য যিহুদা সম্মন্ধে বার্তা দিতেন, এবং খুবই অল্প সংখ্যক যেমন যোনা অন্যান্য জাতী সম্পর্কে ভবিষ্যত বাণী করেছিলেন। বিবরণ ১৪ঃ১৭-২১

**ভণ্ডভাববাদীগণ ঃ** ভণ্ডভাববাদীরা ঈশ্বরের জন্য নয় কিন্তু অন্যান্য দেবতার জন্য ভবিষ্যতবাণী করত এবং ঈশ্বরের বিধি লঙ্ঘন করতে ও অন্যান্য দেবতাদের পূজা করতে লোকদের চালনা করার চেষ্টা করত। বিবরণ ১৩ঃ১-৪

## পুরাতন নিয়মের ভবিষ্যবাণীর পুস্তক সমূহের সার সংক্ষেপ

মোশি ছাড়াও অন্যান্য আরও ১৭ জন পুরাতন নিয়মের ভাববাদীরা বই লিখেছিলেন যা বাইবেলের অংশ হিসাবে অন্তর্ভুক্ত হয়েছে। নিচের তালিকাটি থেকে জানা যায় যে মশীহ যীশুর আগমনের পূর্বে কত বছর ধরে তারা ভবিষ্যতবাণী করেছিলেন।

৮৩৫(খ্রীষ্টের পূর্বের বছরগুলি) **যোয়েল** পঙ্গপালের দ্বারা যিহুদা রাজ্যের অধিকারের বিষয় অনুমান করেছিলেন, যার জন্য তিনি লোকদেরকে অনুতপ্ত হবার আহ্বান জানিয়েছিলন। প্রেরিত ২ঃ১৬-২১ অংশে অন্বেষণ করুন, কিভাবে পিতর যোয়েল ২ঃ২৮-৩২ অংশকে উদ্ধৃত করেছিলেন।

৭৮৩-৭৫৩ বছর। **যোনা,** পরজাতীয় নীনবীয়দের অনুতপ্ত হবার আহ্বান জানিয়েছিলেন। যীশু কিভাবে যোনা ১ঃ১৭ পদকে **মথি ১২ঃ৪০-৪১** অংশে উদ্ধৃত করেছেন তা অন্বেষণ করুন।

৭৬০-৭৫০ বছর। **আমোষ;** ইস্রায়েলের বিনাশ ও ভবিষ্যতের আশা সম্বন্ধে ব্যাখ্যা করেছিলেন। যাকোব কিরূপে **প্রেরিত ১৫ঃ১৩-১৯** অংশে আমোষ ৯ঃ১১ ও ১২ পদকে উদ্ধৃত করেছিলেন তা অন্বেষন করুন।

৭৫৫-৭১০ বছর। **হোশেয়,** ইস্রায়েলের অবিশ্বস্ততা এবং ভবিষ্যত মুক্তির সম্বন্ধে বর্ণনা করেছেন। **রোমীয় ৯ঃ২২-২৬** অংশে অন্বেষণ করুন, পৌল কিভাবে হোশেয় ২ঃ২৩ পদকে উদ্ধৃত করেছেন।

৭৪০-৬৮০ বছর। **যিশাইয়,** যিহুদাকে ঈশ্বরের প্রতি আস্থা স্থাপন এবং মশীহের জন্য অপেক্ষা করতে আহ্বান জানিয়েছেন। **প্রেরিত ৯ঃ৩০-৩৫** অংশে অন্বেষণ করুন ফিলীপ কিভাবে যিশাইয় ৫৩ঃ৭ এবং ৮ পদে ইথিয়পীয় রাজকর্মচারীর কাছে বর্ণনা করে ছিলেন।

৭৩৯-৬৮৬ বছর। **মীখা** যিহুদা ও ইস্রায়েলকে তাদের উপর আসন্ন বিচার সম্বন্ধে সতর্কতা ও আশা প্রদান করেছিলেন। **মথি ১০ঃ৩৫-৩৯** অংশে অন্বেষণ করুন। যীশু কিভাবে মীখা ৭ঃ৬ পদকে উদ্ধৃত করেছেন।

৬৬৪-৬১২বছর। **নহুম,** যিহুদা ও নিনবীর প্রতি বিচার ও সুসমাচার এবং বার্তা শুনিয়েছিলেন **রোমীয় ১০ঃ১৫** পদে অন্বেষণ করুন পৌল কিভাবে নহুম ১ঃ১৫ পদকে ব্যবহার করেছেন।

৬৪০-৬২৮ বছর। **সফনিয়** সত্য বলতে আহ্বান করার মাধ্যমে যিহুদাকে স্বর্গীয় বিচারের এক মহৎ দিনের সম্পর্কে ঘোষণা করেছিলেন। **প্রকাশিত বাক্য ১৪ঃ৫** অংশে অন্বেষণ করুন। যোহন কিভাবে সফনিয় ৩ঃ১৩ পদের শব্দগুলি ব্যবহৃত করেছেন।

৬২৬-৫৮০ বছর। **যিরমিয়** তাদেরকে শত্রুদের কাছে সমর্পন করার ও একটি নতুন চুক্তির প্রতিজ্ঞা করার দ্বারা যিহুদীকে তাদের আশু বন্দীত্ব সম্বন্ধে সর্তকতা প্রদান করেছেন। **ইব্রীয় ৮ঃ৭-১৩** অংশে অন্বেষণ করুন কিভাবে এই নতুন চুক্তি যিরমিয় ৩১ঃ৩১-৩৪ অংশে ভবিষ্যত বাণী করা হয়েছিল।

৬০৯-৫৯৭ বছর। **হবক্কূক্,** বিশ্বাসে ফিরে আসার আহ্বান দেওয়া দ্বারা নীনবী ও যিহুদার বিরুদ্ধে বিচার সম্বন্ধে ঘোষণা করেছিলেন। **গালাতীয় ৩ঃ১১** অংশে অন্বেষণ করুন কিভাবে পৌল হবক্কূক্ ২ঃ৪ পদকে উদ্ধৃত করেছেন।

৬০৫-৫৩০ বছর। **দানিয়েলের** পরজাতীয় জাতীগুলির সম্পর্কে দর্শনের এবং বিশ্বাসীদের পুণরুত্থানের বিষয় পুনঃস্মরণ করেছেন। **লূক ২১ঃ২৫-২৮** অংশে অন্বেষণ করুন যীশু কিভাবে দানিয়েল ৭ঃ১৩ পদে উদ্ধৃত তার ভবিষ্যতে আবার ফিরে আসার বিষয়কে নির্দেশ করেছেন।

৫৮৭-৫৬৫ বছর। **যিহিষ্কেল,** যিহুদার তাদের দেশে প্রত্যাবর্তনের দর্শনকে ব্যক্ত করেছেন এবং তাদের মন্দিরের পুনঃনির্মানকে বর্ণনা করেছেন **২ করিন্থীয় ৬ঃ১৬-১৮** অংশে অন্বেষণ করুন পৌল কিভাবে যিহিষ্কেল ২০ঃ৩৪,৪১ এবং ৩৭ঃ২৭ পদগুলিকে উদ্ধৃত করেছেন।

৫৮৬-৫৮৪ বছর। **বিলাপ,** যিরূশালেমের একটি আসন্ন বিনাশকে বর্ণনা করেছেন। **মার্ক ১৫ঃ২৯-৩০** অংশে অন্বেষণ করুন বিলাপ ২ঃ১৫ পদটি কিভাবে ক্রুশের উপর যীশুর প্রতি ব্যবহৃত হয়েছে।

৫৮৬ বছর। **ওবদিয়,** ইদোমিয়দের বিরুদ্ধে বিচারের ঘোষণা এবং ইস্রায়েলের বিজয় সম্বন্ধে ভবিষ্যত বাণী করেছিলেন। **প্রকাশিত বাক্য ১১ঃ১৫** পদে অন্বেষণ করুন ওবদিয় ১ঃ২১ পদের পরিপূর্ণতাকে।

৫২০-৫১৯ বছর। **সখরিয়,** যারা তাকে মশীয় বলে ডাকত, সেই ভবিষ্যতের রাজা সম্বন্ধে বহু পুঙ্খানুপুঙ্খ বর্ণনার বিষয়ের আগাম বলেছিলেন। **মথি ২১ঃ৪-৬** অংশে অন্বেষণ করুন, যীশু কিভাবে সখরিয় ৯ ৯ পদকে পূর্ণ করেছেন।

৫২০ বছর। **হগয়,** ভবিষ্যতের আশীর্বাদের প্রতিজ্ঞার দ্বারা যিহুদাকে তাদের মন্দিরের পুনঃনির্মনের জন্য বিনতী করেছিলেন। **ইব্রীয ১২ঃ২৬-২৯** অংশে অন্বেষণ করুন কিভাবে হগয় ২ ৬ পদ পূর্ণ হবে।

৪৩০-৪০০ বছর। **মালাখী** ছিলেন শেষ ভাববাদী। **মথি ১১ঃ১০-১১** অংশে অন্বেষণ করুন, যীশু কিভাবে মালাখী ৩ ১পদকে যোহন বাপ্তাইজকের ক্ষেত্রে ব্যবহার করেছেন।

**নতুন নিয়মে ভাববাদীগণ** প্রত্যেক খ্রীষ্ট মণ্ডলীকে ঈশ্বর প্রেরিত, ভাববাদী, সুসমাচার পালক ও শিক্ষক হবার দান প্রদান করেন। ইফিষীয় ৪ঃ১১ পদে খ্রীষ্টিয় ভাববাদীরা নতুন কোন শাস্ত্র লেখেননা। কিন্তু কিভাবে অন্যান্যদের সাহায্য করতে পারেন সেই বিষয়ে কখনো কখনো তারা ভবিষ্যত বাণী দিতেন, (প্রেরিত ১১ঃ২৭-৩০)। যে কেউ ভবিষ্যত বাণী করত তারা তা করত অন্যকে গেথে তোলার জন্য, উপদেশ ও সান্তনা প্রদান করার জন্য (১ করিন্থীয় ১৪ঃ৩)। সমস্ত বিশ্ববাসীরাই একেঅন্যের জন্য ভাববাদী বলতে পারেন। (১ করিন্থীয় ১৪ঃ২৪)।

**২. আপনার সহকর্মীদের সাথে আসন্ন সপ্তাহের জন্য কর্মধারা পরিকল্পনা করুন।**

যারা বাইবেল অধ্যয়ণ করতে পছন্দ করেন সেই সব বিশ্বাসীদেরকে যে কোনও একটি ভাববাদী পুস্তক পড়তে বলুন। উপরে দেওয়া প্রথম অংশ থেকে ভাববাদীদের সম্বন্ধে কিছু তথ্য তাদেরকে বলুন। তারপর, তারা যে বইগুলো পাঠ করেছে তার মধ্যে যে প্রধান বিষয়গুলো এবং মহৎ ধারণা খুঁজে পেয়েছে তা অন্য বিশ্বাসীদের কাছে বলতে দিন।

তাদেরকে যদি স্থানীয় ধর্মের কোনও ভাববাদী থাকে, তবে অ- খ্রীষ্টীয়ানদের আপনি বলতে পারেন যে, আপনার কাছে এমন কিছু বই আছে, যেগুলো প্রাচীন ভাববাদীরা লিখেছিলেন। যদি তারা আগ্রহী হয় তবে, কোথা থেকে তারা একটি বাইবেল প্রাপ্ত হতে পারে তা বলে দিন।

**৩. আপনার সহকর্মীদের সাথে আশু-আরাধনার বিষয়ে পরিকল্পনা করুন।**

যিশাইয় ভাববাদীকে কিভাবে ঈশ্বর প্রেরণ করেছিলেন (উপরে) সে সম্পর্কে আপনি কি খুঁজে পেয়েছেন তা পড়ে অথবা অভিনয় করে দেখান।

শাস্ত্র থেকে ভাববাদীদের একটি পুস্তক পড়ার মাধ্যমে তাদেরকে ঈশ্বর কিভাবে আশীর্বাদ করেছেন তা বিশ্বাসীদেরকে বলতে দিন।

প্রথম অংশ (উপরে) থেকে ভাববাদীর পশ্চাদপট এবং সংজ্ঞাগুলি ব্যাখ্যা করুন।

ভাববাদী পুস্তকের প্রধান বিষয়গুলিকে পর্যালোচনা করুন।

প্রাপ্তবয়স্কদের জন্য ছোটরা যা প্রস্তত করেছে তা তাদেরকে উপস্থাপন করতে দিন।

প্রভুর ভোজের পরিচিতি করণের জন্য যিশাইয় ৫৩ঃ৫ পদ পাঠ করুন এবং বর্ণনা করুন যে প্রাচীন ভাববাদীরা যীশুর রক্তবলির বিষয়ে ব্যক্ত করেছিলেন।

একে অপরের জন্য প্রার্থনা করার জন্যে এবং কিভাবে ভাববাদী সমূহ সফল হয়েছে তা আলোচনা করার জন্যে তিনজনের বা চারজনের দল তৈরী করুন।

একত্রে প্রেরিত ২৬ঃ২২ পদ মুখস্থ করুন।

Copyright 2004 © by Paul-Timothy. May be freely copied. Download from www.Paul-Timothy.net